# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**15-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যবাসীকে নববর্ষের শুভেচ্ছা বার্তায়, বাংলায় নবজাগরণের সংকল্প গ্রহণের আহ্বান জানিয়েছেন।

নুতন সংকল্প গ্রহণের আহ্বান জানিয়েছে রাজ্যপাল আর এন রবিও।

২) বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, রাজ্যে ভয়মুক্ত পরিবেশ তৈরির জন্য বিজেপি সরকার জরুরী।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নির্বাচনের মুখে বিজেপির মাতৃশক্তি ভরসা কার্ড বিলির তীব্র সমালোচনা করেছেন।

৩) প্রথম দফার ভোটের আগে নির্বাচন কমিশন, ১৫২ টি আসনের জন্য ভোটার ইনফরমেশন স্লিপ বিতরণের কাজ শুরু করেছে।

রাজ্যে প্রথম দফার ভোটে প্রায় আড়াই হাজার কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি মোতায়েন করা হচ্ছে মোট ৪০ হাজার ৯২৮ জন রাজ্য পুলিশকর্মী ও আধিকারিক। সবচেয়ে বেশি নিরাপত্তা বাহিনী থাকবে মুর্শিদাবাদে।

৪) আজ পয়লা বৈশাখ। বিপুল উৎসাহ ও উদ্দীপনায় বরণ করা হল ১৪৩৩ সালকে।

৫) সিবিএসই-র দশম শ্রেণির পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।

৬) সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মীদের ডিএ মালার শুনানি ৬ই মে পর্যন্ত পিছিয়ে গেছে।

---

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বাংলা পয়লা বৈশাখে বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে তোলার ডাক দিয়েছেন। রাজ্যবাসীর উদ্দেশ্যে লেখা এক খোলা চিঠিতে তিনি রাজ্যবাসীকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বাংলায় নবজাগরণের সংকল্প গ্রহণের আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, গত ১৫ বছরে রাজ্যের মানুষ অপশাসন, বিশৃঙ্খলা এবং দুর্নীতির শিকার হয়েছেন। চরম আঘাত নেমেছে, সাধারন মানুষের মৌলিক অধিকার, সম্মান এবং রাজ্যের সংস্কৃতির ওপর। বর্তমান রাজ্য সরকার যে ভয়ের পরিবেশ তৈরি করেছে, তার ফলে মহিলাদের নিরাপত্তা, যুব সমাজের কর্মসংস্থান এবং দরিদ্র মানুষের অধিকার ক্ষুন্ন হয়েছে। তিনি বলেন, পশ্চিমবঙ্গ সর্বদা দেশকে তথা সমাজকে নতুন দিশা দেখিয়েছে। তাই বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে উঠলে প্রত্যেক দরিদ্র মানুষের মাথার ওপর ছাদ, খাদ্য, মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করা সম্ভব হবে।

পাশাপাশি যুবসমাজকে কর্মসংস্থানের খোঁজে ভিন রাজ্যে যেতে হবে না। রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় এলে পশ্চিমবঙ্গ সমগ্র দেশের সঙ্গে সমান্তরালভাবে উন্নয়নের পথে এগিয়ে যাবে এবং ইতিহাসের পুনরাবৃত্তি ঘটিয়ে বিকশিত ভারতের পথপ্রদর্শক হয়ে উঠবে বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রীর বলেন, এবারের বিধানসভা নির্বাচন শুধুমাত্র একটি সাধারণ নির্বাচন নয়, পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ নির্ধারণ এবং প্রকৃত পরিবর্তন আনার সুবর্ণ সুযোগ। এই লড়াই মূলত ভয় বনাম ভরসার লড়াই। তাই গণতন্ত্রের এই উৎসবে ভয়মুক্ত হয়ে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং বিকশিত পশ্চিমবঙ্গের স্বপ্ন সফল করার জন্য প্রধানমন্ত্রী রাজ্যবাসীর কাছে আবেদন জানিয়েছেন।

--------------------

রাজ্যপাল আর এন রবি, নববর্ষে পশ্চিমবঙ্গের মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন। লোকভবনে নববর্ষ উপলক্ষে এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি পয়লা বৈশাখকে “মহান উৎসব” বলে উল্লেখ করেন। তিনি বলেন, শুধু পশ্চিমবঙ্গ নয়, বিশ্বের বিভিন্ন প্রান্তে থাকা বাঙালিরাও এই উৎসব উদযাপন করছেন।

বাংলার অতীত গৌরবের প্রসঙ্গ তুলে ধরে রাজ্যপাল বলেন, স্বাধীনতা পরবর্তী কয়েক দশক পর্যন্ত দেশের শীর্ষ অর্থনীতির অন্যতম ছিল বাংলা।

বাইট

--------------------

পয়লা বৈশাখে আজ গোটা রাজ্য জুড়ে সকাল থেকেই নির্বাচনী প্রচারে রাজনৈতিক দলগুলির তৎপরতা চোখে পড়েছে।

রাজ্যে বিজেপি সরকার গঠিত হলে রাজবংশী ভাষাকে অষ্টম তপশিলে অন্তর্ভুক্ত করা হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আশ্বাস দিয়েছেন। কোচবিহারের তুফানগঞ্জের আরএমসি ময়দানে নাটাবাড়ি ও তুফানগঞ্জ বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থীদের সমর্থনে আয়োজিত জনসভা থেকে তিনি এই ঘোষণা করেন। তিনি আরও জানিয়েছেন,

বিজেপি রাজ্যে ক্ষমতায় এলে স্টেট রিজার্ভ পুলিশে ‘নারায়ণী ব্যাটেলিয়ান’ গঠন করা হবে।

শ্রী শাহ অভিযোগ করেন, রাজ্যে দিদি ও ভাইপোর শাসনে সন্ত্রাস চলছে। সেই পরিস্থিতি থেকে মুক্তির জন্য কোচবিহারের অধিষ্ঠাত্রী দেবতা মদনমোহনের কাছে তিনি

প্রার্থনা করেছেন বলেও জানান। বিজেপি কর্মীদের হত্যার ঘটনায় দোষীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি জানান।

বাইট

রাজ্যে দুর্নীতি প্রসঙ্গে তিনি বলেন, যারা সাধারণ মানুষের অর্থ লুঠ করেছে, ক্ষমতায় এলে তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। তিনি অভিযোগ করেন, উত্তরবঙ্গের উন্নয়নের প্রয়োজনের তুলনায় অনেক কম অর্থ বরাদ্দ করা হয়েছে।
শ্রী শাহ জানান, দার্জিলিং থেকে সুন্দরবন পর্যন্ত জাতীয় সড়ক (এনএইচ) তৈরি করা হবে, উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় এইমস, আইআইটি, আইআইএম, ক্যান্সার হাসপাতাল ও বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হবে, দার্জিলিংয়ে অ্যাডভেঞ্চার ট্যুরিজম আরও উন্নত করা হবে।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ উত্তর দিনাজপুরের ইসলামপুরে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। মঞ্চ থেকে তিনি নির্বাচনের মুখে বিজেপির মাতৃশক্তি ভরসা কার্ড বিলির তীব্র সমালোচনা করেছেন। ভোট কিনতে দিল্লী থেকে টাকা নিয়ে আসা হচ্ছে বলেও তাঁর অভিযোগ।

বাইট

---------------------

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ পূর্ব বর্ধমানের কালনায় এক জনসভায় অভিযোগ করেছেন, পশ্চিমবঙ্গের জন্য অর্থ বরাদ্দ করা হলেও তা তৃণমূল কংগ্রেসের বাধার জন্য রাজ্যের উন্নয়নে কাজে লাগানো যায়নি। তিনি বলেন, শাসকদলই রাজ্যের উন্নয়নে বাধা দিচ্ছে। বিজেপি জয় সম্পর্কে নিশ্চিত বলে জানিয়ে শ্রীমতি সীতারামন বলেন, রাজ্যের মানুষ পরিবর্তন চাইছে। মহিলা সংরক্ষণ বিল নিয়ে মমতা ব্যানার্জীর

বক্তব্যের তীব্র সমালোচনা কোরে শ্রীমতি সীতারামন বলেন, মুখ্যমন্ত্রীর পরিস্কারভাবে বলা উচিত, তিনি আইনসভায় মহিলাদের সংরক্ষণ বন্ধ করতে চাইছেন কিনা। তিনি তাঁর সফরকালে কালনার তন্তুবাইদের সঙ্গেও কথাবার্তা বলেন এবং হস্তচালিত তাঁতশিল্পের উন্নয়নের লক্ষ্যে কেন্দ্রীয় সরকার কি কি কাজ করেছে, তার খতিয়ান তুলে ধরেন।

বাইট সীতারামন

--------------------

রাজ্যে মহিলাদের স্বনির্ভর করতে বিজেপি আজ 'মাতৃশক্তি ভরসা কার্ডের' উদ্বোধন করেছে। দলের নেত্রী প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি এই কার্ডের আনুষ্ঠানিক উন্মোচন করে বলেন, বিজেপি রাজ্যে সরকার গঠন করলে, প্রত্যেক মহিলাকে আত্মনির্ভর করতে মাসের এক থেকে পাঁচ তারিখের মধ্যে তাদের অ্যাকাউন্টে তিন হাজার টাকা করে পৌঁছে দেওয়া হবে। এছাড়াও মহিলাদের জন্য বিভিন্ন আর্থিক সহায়তার কথা দলের সংকল্প পত্রে ঘোষণা করা হয়েছে।

বিজেপি সরকার ক্ষমতায় এলে মাছ খেতে দেওয়া হবে না বলে তৃণমূল কংগ্রেসের তরফে যে প্রচার করা হচ্ছে, তার উত্তরে শ্রীমতি ইরানি জানান, এটা কোনো ইস্যু নয়। রাজ্যে মাছের উৎপাদন বর্তমানে চ্যালেঞ্জের মুখে। পশ্চিমবঙ্গে ভিন রাজ্য থেকেই মাছ আমদানি করতে হয়। বিষয়টিকে সামনে রেখে অন্যান্য দুর্নীতি থেকে নজর ঘোরানোর চেষ্টা চলছে বলো অভিযোগ করেন তিনি।

--------------------

শ্রীরামপুরে সকাল থেকেই ভোট প্রচারে বেরিয়ে পড়েন ওই বিধানসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। প্রবীণ কংগ্রেস নেতা অধীর

রঞ্জন চৌধুরী আজ পয়লা বৈশাখে বহরমপুর, ইসলামপুর, জলঙ্গি ও ডোম কলে প্রচার সারেন। কলকাতা বন্দর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী ফিরহাদ হাকিম আজ চেতলা য় তার দলের হয়ে প্রচার সারেন।

--------------------

কলকাতায় তৃণমূল কংগ্রেসের নির্বাচনী মিছিলে অংশ নেওয়ার অভিযোগে তিন নাইজেরীয় নাগরিকের বিরুদ্ধে মামলা দায়ের করল পুলিশ। বিজেপি নির্বাচন কমিশনের কাছে অভিযোগ করার পরই এই পদক্ষেপ নেওয়া হয় বলে সূত্রের খবর।

পুলিশ জানিয়েছে, উত্তর কলকাতার জোড়াসাঁকো এলাকায় তৃণমূল প্রার্থীর সমর্থনে আয়োজিত একটি রোড-শো বা মিছিলে ওই তিন বিদেশি নাগরিককে দেখা যায়। অভিযোগ, তাঁরা তৃণমূলের পতাকা হাতে নিয়ে এবং দলের সমর্থনে স্লোগান দিতে দিতে মিছিলে অংশ নেন।

ভোটদাতাদের ভীতি প্রদর্শনের অভিযোগে বিধাননগর পুরনিগমের প্রাক্তন কাউন্সিলর নির্মল দত্তকে পুলিশ গ্রেপ্তার করেছে।

--------------------

২৩শে এপ্রিল রাজ্যে প্রথম দফার ভোটে প্রায় আড়াই হাজার কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি  মোতায়েন করা হচ্ছে মোট ৪০ হাজার ৯২৮ জন রাজ্য পুলিশকর্মী ও আধিকারিক।

সবচেয়ে বেশি কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ মোতায়েন করা হচ্ছে মুর্শিদাবাদ জেলায়। প্রশাসনিক সুবিধার জন্য জেলা দু'টি পুলিশ জেলায় বিভক্ত— মুর্শিদাবাদ ও জঙ্গিপুরে। মোট ৩১৬ কোম্পানি বাহিনী রাখা হচ্ছে। তার মধ্যে মুর্শিদাবাদ পুলিশ জেলাতেই রয়েছে ২৪০ কোম্পানি, জঙ্গিপুরে ৭৬ কোম্পানি।

দ্বিতীয় স্থানে রয়েছে পূর্ব মেদিনীপুর। ওই জেলায় ২৭৩ কোম্পানি বাহিনী মোতায়েন করা হচ্ছে। নন্দীগ্রাম-সহ একাধিক অশান্তিপ্রবণ কেন্দ্র থাকায় এই জেলায় বিশেষ গুরুত্ব  দিচ্ছে কমিশন। পশ্চিম মেদিনীপুরে মোতায়েন হচ্ছে ২৭১ কোম্পানি বাহিনী।

--------------------

দক্ষিণ ২৪ পরগণার ফলতার দোস্তিপুর হাইস্কুলে এক জোওয়ানের অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়ালো। ভোটের কাজের জন্য আইটিবিপির জোওয়ানদের নিয়ে আসা হয়েছিল এ রাজ্যে। একটি দলকে রাখা হয়েছিল ফলতা দোস্তিপুর হাইস্কুলে। সেখানেই মৃত্যু হয় ওই জোওয়ানের। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলার রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে।

--------------------

প্রথম দফার ভোটের আগে নির্বাচন কমিশন, ১৫২ টি আসনের ভোটারদের জন্য ভোটার ইনফরমেশন স্লিপ  বিতরণের কাজ শুরু করেছে। কমিশনের নির্দেশ অনুযায়ী, ভোটের অন্তত পাঁচ দিন আগে সমস্ত ভোটারের হাতে এই স্লিপ পৌঁছনোর কাজ শেষ করতে হবে। বুথ স্তরের আধিকারিকরা বাড়ি বাড়ি গিয়ে সরাসরি ভোটারদের হাতে এই স্লিপ তুলে দিচ্ছেন। ভোটারের নাম, ভোটকেন্দ্রের ঠিকানা, ভোটের তারিখ ও সময় ইত্যাদি সমস্ত তথ্য ঐ স্লিপে থাকছে।

পাশাপাশি ভোটকেন্দ্রের একটি মানচিত্র এবং ভোটের দিন কী করণীয়, সেই নির্দেশিকাও রয়েছে। কিউআর কোডের মাধ্যমে দ্রুত তথ্য যাচাইয়ের সুবিধাও রাখা হয়েছে। বিশেষ ভাবে সক্ষম ভোটারদের  জন্য ব্রেইল-সহ বিশেষ স্লিপ দেওয়ার নির্দেশ

দেওয়া হচ্ছে। কমিশন জানিয়েছে, এই স্লিপ দ্রুত ভোটগ্রহণে সাহায্য করবে। তবে তা কোনওভাবেই পরিচয়পত্র হিসেবে গৃহীত হবে না। ভোট দিতে গেলে কমিশন নির্ধারিত বৈধ পরিচয়পত্র দেখানোই বাধ্যতামূলক।

--------------------

বিপুল উৎসাহ উদ্দীপনা পুজো উপাচার ও ঐতিহ্যবাহী রীতিনীতিকে সঙ্গে নিয়েই ১৪৩৩ বঙ্গাব্দে পদার্পণ করেছে গোটা বাংলা। নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আবাহন করা হচ্ছে শুভ নববর্ষকে। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

--------------------

বাংলা নববর্ষের সূচনা উপলক্ষে আজকের প্রসঙ্গের এবারের বিষয় "ইতিবৃত্তে বাংলা নববর্ষ।" প্রাবন্ধিক ও ইতিহাসের গবেষক পল্লব মুখোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী।

অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে ন'টায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

সিবিএসই-র দশম শ্রেণির পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। পাশের হার ৯৩.৭০ শতাংশ। গতবারের থেকে পাশের হার সামান্য বেড়েছে। এবার ২৫ লক্ষ পড়ুয়া পরীক্ষা দিয়েছিল। তার মধ্যে পাস করেছে ২৩ লক্ষ ১৬ হাজার পরীক্ষার্থী। পাশের হারের নিরিখে এগিয়ে রয়েছে ছাত্রীরা।

--------------------

সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মীদের ডিএ মামলার শুনানি ৬ই মে পর্যন্ত পিছিয়ে গেছে। আজ এ সংক্রান্ত শুনানির সময়ে বকেয়া ডিএ প্রদানের বিষয়ে বিচারপতি সঞ্জয় কারোল এবং বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চে হলফনামা জমা দেয় রাজ্য সরকার। তাতে বলা হয়েছে, ইতোমধ্যেই প্রাক্তন বিচারপতি ইন্দু মালহোত্রার নেতৃত্বাধীন কমিটির পরামর্শ মেনেই ৬ হাজার কোটি টাকা পাওনা রাজ্য সরকার, কর্মচারীদের দিয়ে দিয়েছে। বাকি বকেয়ার হিসাবপত্রের কাজ চললেও রাজ্যে নির্বাচনী পরিস্থিতিতে তা ধীর গতিতে হচ্ছে।

-------------------- --------------------